

# আমাদেরেময়

## ঢাবির ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৮ মার্চ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৭ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৬ ফেব্রুয়ারি ২০২১ ২৩:১৯

# আমাদেরেময়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক প্রথমবর্ষে ভর্তির আবেদন আগামী ৮ মার্চ থেকে শুরু হবে এবং চলবে ৩১ মার্চ পর্যন্ত। আগামী ২১ মে ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা দিয়ে শুরু হবে। পরে ২২ মে ‘খ’ ইউনিটের, ‘গ’ ইউনিটের সন্তাব্য তারিখ ২৭ মে ও ‘ঘ’ ইউনিট ২৮ মে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া ৫ জুন অনুষ্ঠিত হবে ‘চ’ ইউনিটের ভর্তি পরীক্ষা।

গতকাল বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির সভায় পরীক্ষার বিষয়ে প্রস্তাব করা হয়েছে। আগামীকাল ভর্তি পরীক্ষা কমিটির সভায় এটি চূড়ান্ত হবে। ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনসিটিউটের ডিন অধ্যাপক হাসানজামান বিষয়টি নিশ্চিত করেছেন।

অধ্যাপক হাসানজামান বলেন, আবেদনের যোগ্যতায় প্রতিবারের থেকে পয়েন্ট ৫০ করে বাড়ানো হয়েছে প্রত্যেক বিভাগে। বিজ্ঞান বিভাগে ('ক' ইউনিটে) যেখানে আগে ছিল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএর যোগফল ৮, সেখানে এবার এই বিভাগের জন্য আবেদন করতে ন্যূনতম ৮.৫০ লাগবে। ‘খ’ ইউনিটের জন্য ৭-এর পরিবর্তে ন্যূনতম ৭.৫০ ও ‘গ’ ইউনিটের জন্য ৭.৫-এর পরিবর্তে ৮ করা হয়েছে ন্যূনতম আবেদন যোগ্যতা।

বিভাগীয় শহরে অনুষ্ঠিত হওয়ার কারণে বাড়ানো হয়েছে ভর্তি পরীক্ষার আবেদন ফি। অন্য বছরে যেখানে আবেদন ফি ৪৫০ টাকা ছিল, সেখানে এ বছর সেটিকে বাড়িয়ে করা হয়েছে ৬৫০ টাকা। ঢাকার বাইরে পরীক্ষা নেওয়া, যাওয়া-আসা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বা কলেজে পরীক্ষাকেন্দ্রের জন্য আলাদা খরচের কারণে আবেদন ফি বাড়ানো হয়েছে। ভর্তি পরীক্ষার সময় হবে দেড় ঘণ্টা।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর টেলিক

আমাদেশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy